



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)



সভাপতি
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০২০/

তারিখ: ০৪-০৫-২০২০ খ্রিঃ



শোক বার্তা

দেশের অন্যতম হেমাটোলজিস্ট এবং ল্যাবরেটরি মেডিসিন স্পেশালিষ্ট অধ্যাপক কর্ণেল (অবঃ) ডা. মোঃ মনিরুজ্জামান এর মৃত্যুতে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। ০৩ মে ২০২০ খ্রিঃ রবিবার আনুমানিক বিকাল ৩ টায় অসুস্থ অবস্থায় তাঁকে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নেওয়া হলে রাতে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন। মৃত্যুর পর তাঁর শরীরের নমুনা সংগ্রহ করে কোভিড-১৯ পরীক্ষা করা হলে করোনা সনাক্ত হয়। তিনি করোনায় আক্রান্ত হয়ে প্রাণ হারানো দেশের দ্বিতীয় চিকিৎসক।

তিনি রাজধানীর আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ হাসপাতালের প্রধান হেমাটোলজিস্ট হিসেবে কর্মরত ছিলেন। জানা যায়, রবিবার কাজ শেষে রাজধানীর মিরপুর ডিওএইচএস এর বাসায় ফেরেন ডা. মোঃ মনিরুজ্জামান। বিকালে গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাকে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) নেওয়া হয়। মৃত্যুকালে তিনি পরিবার পরিজন, ছাত্র-ছাত্রী সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন অধ্যাপক কর্ণেল (অবঃ) ডা. মোঃ মনিরুজ্জামান এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ শোক বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাম্মদ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন